



...

সভাপতি	এ জে এম আব্দুল্যাহেল বাকী পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	১০.০৬. ২০২১
সভার সময়	দুপুর ৩. ০০ টা
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	কর্মকর্তাদের উপস্থিতি (পরিশিষ্ট -ক)

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতপরঃ বার্ষিক কর্মসম্পাদন বাস্তবায়ন টিমের সদস্য-সচিব, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান) কে সভার আলোচ্যতব্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভার শুরুতে পূর্ববর্তী সভার (১৬-০৩-২০২১) কার্যবিবরণী সঠিক হওয়ায় কোন সংশোধনী ছাড়াই দৃষ্টিকরন করা হলো।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অডিট আপত্তি বিষয়	গণগ্রন্থাগার অধিদপ্তরের অডিট আপত্তি নিষ্পত্তির প্রতিবেদন প্রতি তিন মাস অন্তর এপিএ এমএস সফটওয়্যারে আপলোড করতে হবে বিধায় অডিট আপত্তি নিষ্পত্তির প্রতিবেদন এপিএ কমিটির সদস্য সচিব বরাবর সরবরাহ করার জন্য সহকারী পরিচালককে(প্র: ও হি:) পত্র দেয়ার বিষয় সভায় আলোচনা হয়।	অডিট আপত্তি নিষ্পত্তির প্রতিবেদন প্রতি তিন মাস অন্তর প্রয়োজন। এ বিষয় সহকারী পরিচালককে (প্র: ও হি:) পত্র দেয়া।	লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক (পরিসংখ্যান)
০২.	সেবা সহজীকরণের জন্য গঠিত HR সফটওয়্যার	গণগ্রন্থাগার অধিদপ্তরের HR সফটওয়্যারটিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের তথ্যাদি সম্বলিত পূরণকৃত ফরমটি সফটওয়্যারে সংরক্ষণ করা ও গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েব পোর্টালের সার্বিক দায়িত্ব জনাব সালাউদ্দিন হাওলাদার, সহকারী প্রোগ্রামারকে দায়িত্ব দেয়ায় জন্য পুনরায় সহকারী প্রোগ্রামারকে এ বিষয় সভায় আলোচনা হয়।	গণগ্রন্থাগার অধিদপ্তরের জন্য প্রণয়নকৃত HR সফটওয়্যারটিতে সকল কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ইংরেজী এবং বাংলাফরমটি অধিক্ষেত্রে বাস্তবায়নের লক্ষ্যে আরোও হালনাগাদ করা ও অধিদপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পুনরায় সহকারী প্রোগ্রামারকে এ বিষয় পত্র দেয়া।	লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক (পরিসংখ্যান)

০৩.	ই-নথি	সদর দপ্তরের সকল শাখায় এবং মাঠ পর্যায় সকল গ্রন্থাগারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর্মসম্পাদনে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ই-নথি বাস্তবায়ন করার জন্য সভায় আলোচনা হয়।	সদর দপ্তরের সকল শাখায় এবং মাঠ পর্যায় সকল গ্রন্থাগারে ই-নথি বাস্তবায়ন করার জন্য পত্র দিতে হবে।	সহকারী পরিচালক (প্র: ও হি:)
০৪.	এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান	কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ন্যূনতম একটি আওতাধীন দপ্তর অথবা একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদান করতে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বাগেরহাট জেলা সরকারী গণগ্রন্থাগারের লাইব্রেরিয়ান জনাব সাইদুরকে প্রনোদনা দেয়ার বিষয় নির্বাচন করা হয় যা সভায় সকলে একমত পোষণ করেন।	আলোচনান্তে বাগেরহাট জেলা সরকারী গণগ্রন্থাগারের লাইব্রেরিয়ান জনাব মোহাম্মদ সাইদুর রহমানকে প্রনোদনা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্র: ও হি:)

২। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এ জে এম আব্দুল্যাহেল বাকী
পরিচালক (যুগ্মসচিব)


স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.১৬.০০৪.১৮.৪৪

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮

১৪ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (যুগ্মসচিব), পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৬) জুনিয়র লাইব্রেরিয়ান, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৭) রিডিং হল এ্যাসিস্টেন্ট, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



ফাতেমা খাতুন

